

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৮৭.২৬-


১০৮

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪৩৩
০৬ জুন, ২০২৬

বিষয়ঃ জনাব মোঃ জাকির হোসেন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এর অবসর উত্তর ছুটি (পিআরএল) ও লাম্পগ্রান্ট পরিশোধের মঞ্জুরী।

যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলা কার্যালয়ের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ জাকির হোসেন অবসর উত্তর ছুটি (পিআরএল) ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর আবেদন দাখিল করেন। তাঁর এসএসসি সনদে জন্ম তারিখ ১০-১২-১৯৬৬খ্রি. অনুযায়ী ০৯-১২-২০২৫খ্রি. তারিখে বয়স ৫৯(ঊনষাট) বছর পূর্ণ হয়। প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী পূর্ণ গড় বেতনে ০২ বছর ০৫ মাস ২৫ দিন এবং অর্ধ গড় বেতনে ০২ বছর ০৬ মাস ১৮ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছে এবং অবসর উত্তর ছুটি (পিআরএল) আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে মূলবেতন ৩৯,৫৭০/- (ঊনচল্লিশ হাজার পাঁচশত সত্তর) টাকা। অর্ধ গড় বেতনের ছুটিকে পূর্ণ গড় বেতনে রূপান্তর করা হলে ০১ বছর ০৩ মাস ০৯ দিন অর্থাৎ মোট পূর্ণ গড় বেতনে ছুটি (০২ বছর ০৫ মাস ২৫ দিন+ ০১ বছর ০৩ মাস ০৯ দিন)= ০৩ বছর ০৯ মাস ০৪ দিন প্রাপ্য হয়েছে এবং পূর্ণ গড় বেতনে ০১(এক) বছর অবসর উত্তর ছুটি ভোগের পর ০২ বছর ০৯ মাস ০৪ দিন অর্জিত ছুটি প্রাপ্য থাকবেন। উক্ত ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ লাম্পগ্রান্ট বাবদ ৩৯,৫৭০x১৮= ৭,১২,২৬০/- (সাত লক্ষ বারো হাজার দুইশত ষাট) টাকা প্রাপ্য। অতিরিক্ত গৃহিত বেতন ভাতা বাবদ ১৫,৮৪,৫৮৪/- (পনেরো লক্ষ চুরাশি হাজার পাঁচশত চুরাশি) টাকা আনুভৌমিক হতে আদায়যোগ্য।

২। এমতাবস্থায়, জনাব মোঃ জাকির হোসেন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদর্শ সদর, কুমিল্লা - এর আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ অনুযায়ী ১০-১২-২০২৫খ্রি. তারিখ হতে ০৯-১২-২০২৬খ্রি. তারিখ পর্যন্ত ০১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) এবং অবশিষ্ট প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ লাম্পগ্রান্ট বাবদ ৩৯,৫৭০x১৮= ৭,১২,২৬০/- (সাত লক্ষ বারো হাজার দুইশত ষাট) টাকা মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পরিশোধের মঞ্জুরী প্রদান করা হলো।



(এম এ আখের)

যুগ্মসচিব

পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৮০৮৬৩

ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কুমিল্লা।


স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৮৭.২৬-

১০৮

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪৩৩
০৬ জুন, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। পরিচালক (অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।
- ৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
- ৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, আদর্শ সদর, কুমিল্লা।
- ৫। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৬। জনাব মোঃ জাকির হোসেন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(পিআরএল), যুব উন্নয়ন অধিদপ্তর, আদর্শ সদর, কুমিল্লা।
- ৭। অফিস কপি।



(মোঃ কামরুদ্দিন)

সহকারী পরিচালক(অর্থ)

ও

কল্যাণ কর্মকর্তা

ফোন: ০২-২২৩৩৮০২৮